



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 17



Class: 4

Subject: Bengali Gram (পত্র লিখন)

Date: 07/10/2020

অনলাইন ক্লাশের অভিজ্ঞতা জানিয়ে বাবার কাছে ছেলের পত্র ।

সমর দে

১০,নং ঢাকুরিয়া রোড

কলিকাতা --৭০০০২০

৬/১০/২০২০

শ্রীচরণেষু বাবা

প্রথমে তুমি আমার সশ্রদ্ধ প্রণাম নিও ।তুমি কেমন আছ ?আমরা মোটামুটি ভাল আছি ।তবে খুব সাবধানে থাকি ।সারা পৃথিবী জুড়ে যে মহামারি এসেছে তার জন্য সবসবময় বেষ দুশ্চিন্তায় থাকি । তোমাদের ওখানে আশা করি সবাই সাবধানেই থাকছ । কোভিড মোকাবিলার জন্য যে সমস্ত সাবধানতার নিয়ম আছে তা অবশ্যই মেনে চলতে হবে ।

আমি আমার পড়াশোনা অনলাইন ক্লাশের মাধ্যমেই করছি ।এটা আমার কাছে একটি নতুন কিছু শেখা ।হয়ত বা ভবিষ্যত জীবনে এই শেখাটাই আমার মূলধন হয়ে যাবে ।আমাদের বিদ্যালয়ে জুম ক্লাশের মাধ্যমে আমাদের শিক্ষাব্যবস্থাকে এগিয়ে নিয়ে চলেছে ।এতে আমরা আমাদের শিক্ষকশিক্ষিকা আর আমাদের ক্লাশের অন্য বন্ধুদের সঙ্গে একসঙ্গে ঘরে বসেই ক্লাশ করি ।আমার প্রথম

প্রথম ভীষণ ভয় করত,সব ঠিকঠাক হবে তো? কিন্তু এখন এই অনলাইন ক্লাশ আমার কাছে খুবই সহজ হয়ে গেছে । চিঠির উত্তর দিও ।

ইতি

সমর

বিনায়ক দে

৪০নং কর্ণাট প্লেস

কানপুর ৪০০০০৬১

Manashi Chaudhuri